# এই পুস্তিকাটি সম্পর্কে




এই পুস্তিকাটি NHS চেশায়ার এবং মার্জিসাইড থেকে নেওয়া হয়েছে।

আমরা লিভারপুলের জনসাধারণের জন্য স্বাস্থ্যসেবা পরিকল্পনার দায়িত্বে নিয়োজিত আছি।





আমরা লিভারপুলে মহিলা হাসপাতালের পরিষেবাগুলি আরও উন্নত করতে চাই।

এর মধ্যে রয়েছেঃ



**গাইনোকোলজি [স্ত্রীরোগ চিকিৎসা] পরিষেবা -** এটি মহিলাদের শরীরের অঙ্গসমূহের স্বাস্থ্যসেবা। এতে একজন মহিলার যোনিপথ এবং গর্ভের চিকিৎসা অন্তর্ভুক্ত।



**প্রসূতি পরিষেবা -** এটি গর্ভবতী মহিলাদের এবং সদ্য জন্মদানকারী মহিলাদের জন্য স্বাস্থ্যসেবা।



আমরা চাই আমাদের সমস্ত রোগীরা যাতে তাদের প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা পান, যেখানে থেকেই তারা সেবা গ্রহণ করেন না কেন।





এই পুস্তিকাটি ব্যাখ্যা করবেঃ

- কেন আমাদের এই হাসপাতাল পরিষেবাগুলিতে পরিবর্তন করা দরকার?




- এই পরিষেবাগুলিকে আরও নিরাপদ করার জন্য আমরা এখন কী করছি?




- এবং এই পুস্তিকাটির শেষের দিকে, এই পরিকল্পনা সম্পর্কে আপনি কী মনে করেন তা আমাদের জানানোর জন্য আমরা আপনাকে একটি জরিপ সম্পূর্ণ করতে বলব।

অন্যান্য NHS-এর টিম যারা আমাদের এই পুস্তিকাটি তৈরি করতে সাহায্য করেছেন তাদের মধ্যে আছেনঃ

NHS
Liverpool Women's
NHS Foundation Trust

NHS
Liverpool University Hospitals
NHS Foundation Trust

NHS
The Clatterbridge Cancer Centre
NHS Foundation Trust

NHS
Alder Hey Children's
NHS Foundation Trust

- লিভারপুল উইমেন'স এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট
- লিভারপুল বিশ্ববিদ্যালয় হাসপাতালের এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট
- ক্ল্যাটারব্রিজ ক্যান্সার সেন্টার এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট
- অল্ডার হে চিলড্রেন'স এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট

healthwatch

আমরা নোজলি, লিভারপুল এবং সেফটন-এ স্থানীয় হেলথওয়াচের সঙ্গেও কাজ করেছি।

# কারা এই পরিষেবাগুলি ব্যবহার করেন?





এই পুস্তিকায়, আমরা কখনও কখনও গাইনোকোলজি ও ম্যাটারনিটি [স্ত্রীরোগ ও প্রসূতির চিকিৎসা] পরিষেবাগুলিকে **মহিলা হাসপাতালের পরিষেবা** বলে উল্লেখ করব।



তবে শুধু মহিলারাই এই পরিষেবাগুলি ব্যবহার করেন না।



**ট্রান্সজেন্ডার [তৃতীয় লিঙ্গের] পুরুষ** এবং **নন-বাইনারি [প্রচলিত পুরুষ বা মহিলা হিসেবে লিঙ্গ চিহ্নিতকরণের বাইরের] ব্যক্তিরা** যারা একজন মহিলার দেহের অঙ্গ নিয়ে জন্মগ্রহণ করেছিলেন তারাও এই পরিষেবাগুলি ব্যবহার করতে পারেন।



**ট্রান্সজেন্ডার** এমন ব্যক্তিদের বোঝায়, তারা যে লিঙ্গ নিয়ে জন্ম গ্রহণ করেছেন তা থেকে পরিবর্তিত হয়েছেন।



**নন-বাইনারি** হলো যখন কোনো ব্যক্তি নিজেকে পুরুষ বা মহিলা হিসেবে মনে করেন না।

# পরিষেবাগুলি এখন কেমন দেখাচ্ছে?




এই মুহুর্তে, লিভারপুলের সমস্ত প্রসূতি পরিষেবা এবং বেশিরভাগ স্ত্রীরোগ পরিষেবাগুলি লিভারপুল মহিলা হাসপাতালে পরিচালিত হয়।



লিভারপুল মহিলা হাসপাতালে অসুস্থ বা খুব আগেভাগে জন্ম নেওয়া নবজাতকদেরও যত্ন প্রদান করা হয়।



কিছু স্ত্রীরোগ পরিষেবা লিভারপুলের অন্যান্য হাসপাতালে প্রদান করা হয়।



এর অর্থ হলো কিছু রোগীকে সঠিক চিকিৎসার জন্য বিভিন্ন হাসপাতালের যাওয়া আসা করতে হতে পারে।




লিভারপুলের হাসপাতালগুলি **[গাইনোকোলজিকাল] স্ত্রীরোগ সংক্রান্ত ক্যান্সার চিকিৎসাও** প্রদান করে।

**স্ত্রীরোগ সংক্রান্ত ক্যান্সার** হলো এক প্রকার ক্যান্সার যা জরায়ুর মতো মহিলাদের শরীরের অংশে বৃদ্ধি পায়।




প্রাপ্তবয়স্কদের জন্য বেশিরভাগ অন্যান্য হাসপাতালের পরিষেবা রয়্যাল লিভারপুল হাসপাতাল বা এইন্ট্রি হাসপাতালে হয়।

আমরা যা দেখছিঃ




- লিভারপুল মহিলা হাসপাতালে প্রদত্ত সমস্ত স্ত্রীরোগ এবং প্রসূতি পরিষেবা।



- গর্ভবতী বা স্ত্রীরোগ সংক্রান্ত স্বাস্থ্য সমস্যাযুক্ত ব্যক্তিদের জন্য লিভারপুলের অন্যান্য হাসপাতালে প্রদত্ত স্বাস্থ্যসেবা।

আমরা যা দেখছি নাঃ




- মহিলাদের স্বাস্থ্যসেবা যা হাসপাতালের বাইরে প্রদান করা হয়, যেমন জিপি সার্জারিতে বা স্বাস্থ্য কেন্দ্রগুলিতে প্রদান করা হয়।




- হিউইট ফার্টিলিটি সেন্টারে প্রদত্ত পরিষেবা।



- **ক্লিনিকাল জেনেটিক্স পরিষেবা -** এটি এমন ব্যক্তিদের জন্য স্বাস্থ্যসেবা যাদের পারিবারিকভাবে কোনো অসুস্থতা রয়েছে।



- চেশায়ার এবং মার্জিসাইডের অন্যান্য অংশে মহিলা হাসপাতালের যে পরিষেবাগুলো প্রদান করা হয়।



কিন্তু ভবিষ্যতে পরিকল্পনাগুলি কীভাবে এই পরিষেবাগুলিকে প্রভাবিত করবে সে সম্পর্কে আমরা ভেবে দেখব।

# কেন এই পরিষেবাগুলি পরিবর্তন করা দরকার?




যুক্তরাজ্যের অন্যান্য অংশে, জরুরি পরিচর্যার মতো অন্যান্য হাসপাতালের পরিষেবাগুলো একই ভবনে মহিলাদের জন্য বিশেষ হাসপাতালের পরিষেবাগুলি প্রদান করা হয়।



কিন্তু লিভারপুলে মহিলাদের জন্য হাসপাতালের পরিষেবাগুলি অন্যান্য পরিষেবাগুলি থেকে আলাদা।





এর ফলে যাদের বিভিন্ন ধরনের যত্নের প্রয়োজন তাদের সঠিক যত্ন দেওয়া কঠিন হয়ে পড়তে পারে।




কখনও কখনও রোগীদের তাদের প্রয়োজনীয় যত্ন পাওয়ার জন্য অন্য হাসপাতালে স্থানান্তর হতে হয়।

# ভ্রমণের সময়


আপনি যদি লিভারপুল মহিলা হাসপাতাল থেকে ভ্রমণ শুরু করেন, তবে সাধারণত সময় লাগবেঃ





- এইন্ট্রি হাসপাতালে যাওয়ার জন্য প্রায় 30 মিনিট।




- অল্ডার হে চিলড্রেন'স হাসপাতাল বা ব্রডগ্রিন হাসপাতালে যাওয়ার জন্য প্রায় 20 মিনিট।




- ক্ল্যাটারব্রিজ ক্যান্সার সেন্টার বা রয়্যাল লিভারপুল হাসপাতালে যাওয়ার জন্য প্রায় 10 মিনিট।




- দিনের কোন সময়ে ভ্রমণ করছেন তার মতো বিষয়গুলির উপর নির্ভর করে এই ভ্রমণের সময় কম বা বেশি লাগতে পারে।

# ঝুঁকিগুলো কী কী?




**ঝুঁকি** হলো এমন কিছু যা বিপজ্জনক হতে পারে বা মানুষকে আঘাত করতে পারে।

লিভারপুলের মহিলাদের হাসপাতালের পরিষেবাগুলিকে প্রভাবিত করে এমন 5টি প্রধান ঝুঁকি রয়েছে।

**ঝুঁকি 1**



যদি লিভারপুল মহিলা হাসপাতালের কোনও রোগী হঠাৎ খুব অসুস্থ হয়ে পড়েন, তখন হাসপাতালটি তাদের ভাল হয়ে ওঠার জন্য প্রয়োজনীয় যত্ন প্রদান করতে সক্ষম নাও হতে পারে।




এর কারণ হলো হাসপাতালে জরুরি পরিচর্যা দলের মতো অন্যান্য স্বাস্থ্য পরিষেবা এবং কর্মী নেই।



এর অর্থ হলো রোগীদের কখনও কখনও অ্যাম্বুলেন্সে করে অন্য হাসপাতালে যেতে হয়।

একে **অ্যাম্বুলেন্স ট্র্যান্সফার** বলা হয়।



রোগীদেরকে নিরাপদে স্থানান্তরিত করতে দীর্ঘ সময় লাগতে পারে, যার ফলে রোগীদের সময়মতো প্রয়োজনীয় পরিচর্যা প্রদান করা কঠিন হয়ে উঠতে পারে।

## ঝুঁকি 2



লিভারপুলের স্ত্রীরোগ এবং প্রসূতি পরিষেবার সমস্ত বিশেষজ্ঞরা লিভারপুল মহিলা হাসপাতালে কাজ করেন।




এর অর্থ হলো যে সকল রোগীরা বিভিন্ন হাসপাতালে যান তারা সময়মতো এই সেবাগুলি নাও পেতে পারেন, যা তাদের স্বাস্থ্য সমস্যাকে আরও খারাপ করে তুলতে পারে।



কখনও কখনও স্ত্রীরোগ এবং প্রসূতি বিভাগের কর্মীরা জরুরি চিকিৎসা প্রদানের জন্য অন্যান্য হাসপাতালে যান।



কিন্তু তারা সব সময় এটা করতে পারেন না।

# ঝুঁকি 3




**শনাল কেয়ার স্ট্যান্ডার্ড [জাতীয় পরিচর্যার মান]** নামে পরিচিত কিছু নিয়মে বলা হয়েছে যে আমাদের একই স্থানে নির্দিষ্ট স্বাস্থ্য পরিষেবা প্রদান করা উচিত।




**ন্যা**কিন্তু আমরা লিভারপুলে এই সমস্ত নিয়ম অনুসরণ করতে পারি না কারণ মহিলা হাসপাতালের পরিষেবা একটি পৃথক হাসপাতালে প্রদান করা হয়।




আমরা যদি এই সমস্যার সমাধান না করতে পারি, তাহলে লিভারপুলে কিছু পরিষেবা প্রদান করা বন্ধ হয়ে যেতে পারে।




এর অর্থ হতে পারে যে কিছু লোককে সঠিক যত্নের জন্য লিভারপুলের বাইরের হাসপাতালে যেতে হতে পারে।

# ঝুঁকি 4




লিভারপুলের স্ত্রীরোগ এবং প্রসূতি বিভাগের কর্মীদের বিভিন্ন স্বাস্থ্যসেবা দল এবং বিশেষজ্ঞদের কাছ থেকে শেখার এবং তাদের সাথে কাজ করার সুযোগ কম।




এর অর্থ হলো যে শহরে স্ত্রীরোগ এবং প্রসূতি বিভাগে কাজ করতে আগ্রহী লোকের সংখ্যা কম হতে পারে।




এই সমস্যাটি কর্মীদের নিয়োগ এবং ধরে রাখা কঠিন করে তোলে, যার ফলে ভবিষ্যতে কিছু পরিষেবা প্রদান করা কঠিন হতে পারে।

# ঝুঁকি 5




লিভারপুলে যেভাবে হাসপাতালের পরিষেবা কাজ করে তা স্ত্রীরোগ এবং প্রসূতিবিষয়ক রোগীদের জন্য সঠিক যত্ন পাওয়া কঠিন করে তুলতে পারে।



আমরা চিন্তিত যে এটি এই পরিষেবাগুলি ব্যবহার করেন এমন লোকদের, তাদের পরিবার এবং পরিষেবা প্রদানকারী কর্মীদের জন্য **মানসিক আঘাতের [ট্রমা]** কারণ হতে পারে।

**ট্রমা হলো** যখন আপনি আপনার জীবনে খুব চাপযুক্ত বা ভয়ঙ্কর অভিজ্ঞতার মধ্য দিয়ে যান।

## এই সমস্যাগুলি কীভাবে যত্ন [কেয়ার]কে প্রভাবিত করে?

## অ্যাম্বুলেন্সে স্থানান্তর




প্রতি বছর লিভারপুল মহিলা হাসপাতাল এবং অন্যান্য হাসপাতালের মধ্যে প্রায় 220টি অ্যাম্বুলেন্সের মাধ্যমে স্থানান্তর করা হয়।



এর মধ্যে প্রায় অর্ধেক স্থানান্তর হয়ে থাকে জরুরি অবস্থার রোগীদের জন্য।

2018 এবং 2022 সালের মধ্যেঃ



- 69 জন অত্যন্ত অসুস্থ রোগীকে লিভারপুল মহিলা হাসপাতাল থেকে অন্য হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছিল।



- কমপক্ষে আরও 12 জন রোগীকে **অ্যানেস্থেটিক [চেতনানাশক]-এ বিশেষজ্ঞ** একজন ডাক্তারের সাথে ভ্রমণ করতে হয়েছিল।

**অ্যানেস্থেটিক্স হলো** আপনাকে ঘুমানোর বা ব্যথা অনুভব না করা জন্য প্রদত্ত চিকিৎসা পরিষেবা।

# মায়েদের মৃত্যু





জানুয়ারী 2014 থেকে নভেম্বর 2023 পর্যন্ত 17 জন মহিলা যারা লিভারপুল মহিলা হাসপাতাল থেকে পরিচর্যা গ্রহণ করেছিলেন তাদের গর্ভাবস্থা, জন্মদান বা মাতৃত্বকালীন যত্নের সমস্যার কারণে মারা



তারা গর্ভবতী থাকাকালীন অথবা গর্ভাবস্থা শেষ হওয়ার 6 সপ্তাহের কম সময়ের মধ্যে মারা যান।




কেন এই মৃত্যুগুলি ঘটেছে তা জানতে প্রবীণ চিকিৎসকরা এই মৃত্যুর ঘটনাগুলোর দিকে নজর দিয়েছিলেন।




তারা একমত হন যে এই মৃত্যুর মধ্যে 7টি আংশিকভাবে ঘটেছে এই কারনে যে লিভারপুলের মহিলা হাসপাতালের পরিষেবাগুলি অন্যান্য হাসপাতালের পরিষেবাগুলি থেকে আলাদা।

# গুরুতর চিকিৎসা সংক্রান্ত ঘটনা



একটি **গুরুতর চিকিৎসা সংক্রান্ত ঘটনা** হলো যখন কোনও রোগীর পরিচর্যায় কিছু ভুল হয় এবং তাদের খুব খারাপভাবে ভোগায়।




জুলাই 2022 থেকে মার্চ 2024-এর মধ্যে, 148টি গুরুতর চিকিৎসা সংক্রান্ত ঘটনা আংশিকভাবে ঘটেছে কারণ লিভারপুলের মহিলা হাসপাতালের পরিষেবাগুলি অন্যান্য হাসপাতালের পরিষেবা থেকে আলাদা।

## কারা প্রভাবিত [ভুক্তভোগী] হয়?

এই সমস্যাগুলি কিছু নির্দিষ্ট গোষ্ঠীর মানুষদের প্রভাবিত করার সম্ভাবনা বেশি, যেমনঃ



- দরিদ্র এলাকার [মহল্লার] মানুষ।



- **জাতিগত সংখ্যালঘু** গোষ্ঠীর লোকেরা।

একটি **জাতিগত সংখ্যালঘু গোষ্ঠী** হলো কোনো স্থানের একই জাতির মানুষের একটি ছোট গোষ্ঠী, যেখানে বেশিরভাগ অন্যান্য মানুষ একটি ভিন্ন জাতির।

# পরিষেবাগুলিকে নিরাপদ রাখা




লিভারপুলের হাসপাতালের কর্মীরা ঝুঁকিগুলি পরিচালনা করতে এবং রোগীদের জন্য পরিষেবাগুলি নিরাপদ রাখতে কঠোর পরিশ্রম করেন।

তারা এটি যেভাবে করেন তার কয়েকটি প্রধান উপায়ের মধ্যে রয়েছেঃ



- সিনিয়র ডাক্তাররা খুব অসুস্থ রোগীদের সাথে ভ্রমণ করেন যাদের অ্যাম্বুলেন্সের মাধ্যমে স্থানান্তরের প্রয়োজন।



- বিভিন্ন হাসপাতাল বিভিন্ন পরিষেবার প্রয়োজন এমন রোগীদের তথ্য এবং পরিচর্যা শেয়ার করে নেওয়ার মাধ্যমে একসাথে কাজ করছে।



- গর্ভবতী রোগীরা যাতে সঠিক পরিচর্যা পান তা নিশ্চিত করার জন্য প্রসূতি কর্মীরা অন্যান্য ধরনের ডাক্তারের সাথে কাজ করেন।

রোগীদের নিরাপদ রাখতে সাহায্য করে এমন অন্যান্য পরিবর্তনগুলির মধ্যে রয়েছেঃ




- যে সকল গর্ভবতী রোগীরা অন্যান্য হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন তাদের পরিচর্যা প্রদানের জন্য একটি নতুন পরিষেবা।




- **অ্যানেস্থেটিক্স পরিষেবার** জন্য নতুন চাকরি সৃষ্টি করা হয়েছে।

মনে রাখবেন, এগুলি হলো আপনাকে ঘুমানোর বা ব্যথা অনুভব না করার জন্য প্রদত্ত চিকিৎসা পরিষেবা।



এই সকল কর্মীরা লিভারপুল মহিলা হাসপাতাল এবং রয়্যাল লিভারপুল হাসপাতাল উভয় স্থানেই কাজ করবেন।

# বৃহত্তর পরিবর্তন

লিভারপুলে স্ত্রীরোগ এবং মাতৃত্বকালীন পরিচর্যাকে নিরাপদ করার জন্য এনএইচএস অন্যান্য কাজও করছে, যেমনঃ



- অ্যাম্বুলেন্স স্থানান্তর উন্নত করতে একটি নতুন জরুরি মেডিকেল টিমকে নিয়োগ করা।



- কোনও রোগীর স্বাস্থ্যের অবনতি ঘটছে কিনা তা দ্রুত লক্ষ্য করার জন্য কর্মীদের প্রশিক্ষণ দেওয়া এবং তাদের চিকিৎসা করা।




- লিভারপুল মহিলা হাসপাতালে একটি নতুন **ডায়াগনস্টিক সেন্টার** খোলা হচ্ছে।

**ডায়াগনস্টিক সেন্টার** হলো এমন একটি জায়গা যেখানে রোগীরা পরীক্ষা বা স্ক্যান করে জানতে পারে যে কী সমস্যা হয়েছে এবং তাদের কী চিকিৎসার প্রয়োজন।




এর অর্থ হলো, মানুষের কম অ্যাম্বুলেন্সের মাধ্যমে স্থানান্তর করার প্রয়োজন হবে।

আমরা আরও পরিবর্তন করছি যেমনঃ



- লিভারপুল মহিলা হাসপাতালের জন্য একটি নতুন **রক্ত সঞ্চালন পরিষেবার** পরিকল্পনা করা।

  **রক্ত সঞ্চালন** হলো যখন আপনাকে অন্য কারোর কাছ থেকে রক্ত দেওয়া হয়।




- নবজাতক শিশুদের আরও ভালভাবে যত্ন নিতে অ্যাল্ডার হে চিলড্রেন'স হাসপাতালের সাথে কাজ করা।



- চাকরির কারণে মানসিক স্বাস্থ্য সমস্যা বা চাপে রয়েছেন এমন কর্মীদের সহায়তা করার জন্য লিভারপুল মহিলা হাসপাতালে একটি নতুন পরিষেবা




এই পরিবর্তনগুলি লিভারপুলে মহিলা হাসপাতালের পরিষেবাগুলিকে আরও ভাল এবং নিরাপদ করতে সাহায্য করছে।



কিন্তু এই পরিবর্তনগুলো সমস্ত ঝুঁকি ঠিক করে না বা এই পরিষেবাগুলি দীর্ঘ সময়ের জন্য কাজ করবে কিনা তা নিশ্চিত করতে সাহায্য করে না।

# আপনার প্রশ্নগুলোর উত্তর দিন।

## আমরা কেন এখন পরিষেবাগুলো পরিবর্তন করতে চাই?

আমরা এখন মহিলা হাসপাতালের পরিষেবাগুলি পরিবর্তন করতে চাই কারণঃ




- গুরুতর স্বাস্থ্য সমস্যাযুক্ত আরও অনেক বেশি লোকেরা সন্তান নিচ্ছেন।




- বেশি বয়সের আরও অনেক বেশি লোকেরা সন্তান নিচ্ছেন।



গর্ভবতী রোগীরা যাদের বয়স বেশি বা গুরুতর স্বাস্থ্য সমস্যা রয়েছে তারা গর্ভাবস্থায় আরও বেশি ঝুঁকির সম্মুখীন হতে পারেন।



এই রোগীদের মধ্যে অনেকের গর্ভাবস্থায় সাহায্য করার জন্য অন্যান্য পরিষেবা এবং স্বাস্থ্যসেবা দলের পরিচর্যার প্রয়োজন হবে।

আমরা এই পরিবর্তনগুলিও করছি কারণঃ




- আমাদের আরও গাইনোকোলজি [স্ত্রীরোগ] পরিষেবা প্রয়োজন।

  এর কারণ হলো মানুষের আয়ু বেড়েছে এবং আরও বেশি মানুষের স্ত্রীরোগ সংক্রান্ত ক্যান্সারের চিকিৎসার প্রয়োজন।





- যেহেতু স্ত্রীরোগ সংক্রান্ত ক্যান্সার পরিষেবাগুলি উন্নত হচ্ছে সেই সাথে সেগুলি আরও জটিল হয়ে উঠছে।

  তাই এই চিকিৎসার পরিকল্পনা এবং প্রদান করার জন্য ডাক্তারদের অন্যান্য হাসপাতালের স্বাস্থ্যসেবা দলের সাহায্যের প্রয়োজন হতে পারে।




যদি আমরা এই পরিবর্তনগুলি না করিঃ

- সমস্যাগুলো আরও খারাপ হবে।



- লিভারপুলে কিছু স্ত্রীরোগ ও প্রসূতি চিকিৎসা সেবা পাওয়া মানুষের পক্ষে কঠিন হতে পারে।




- লিভারপুল মহিলা হাসপাতালে কর্মীদের নিয়োগ এবং ধরে রাখা কঠিন হবে।




- লিভারপুলের মহিলা হাসপাতালের পরিষেবাগুলির উন্নতিতে সাহায্য করার জন্য লিভারপুল কম অর্থ বরাদ্দ এবং **গবেষণা** পেতে পারে।

  **গবেষণা হলো** যখন ডাক্তার বা বিজ্ঞানীরা কোনও কিছুকে গভীরভাবে দেখেন।




- লিভারপুলের স্ত্রীরোগ এবং প্রসূতি বিভাগের রোগীরা যুক্তরাজ্যের অন্যান্য অংশের রোগীদের তুলনায় খারাপ যত্ন পেতে পারেন।

## আমাদের কি মহিলাদের পরিষেবাগুলিকে আলাদা করা উচিত?




লিভারপুলে মহিলা হাসপাতালের পরিষেবাগুলি যেভাবে দেওয়া হয়, এর অর্থ হলো পুরুষদের তুলনায় মহিলাদের পক্ষে ভাল স্বাস্থ্যসেবা পাওয়া কঠিন হতে পারে।

# লিভারপুল মহিলা হাসপাতালের কী হবে?




লিভারপুল মহিলা হাসপাতাল লিভারপুল শহরের কেন্দ্রস্থলের ক্রাউন স্ট্রিটে অবস্থিত।




ক্রাউন স্ট্রিট এনএইচএস-এর একটি গুরুত্বপূর্ণ ভবন এবং এই সাইটটি বন্ধ হবে না।



আমরা এখনও জানি না ভবিষ্যতে লিভারপুলের মহিলা হাসপাতালের পরিষেবাগুলি কেমন হবে।




যদি কিছু পরিষেবা চলে যায় [বা স্থানান্তরিত হয়], তাহলেও এনএইচএস ক্রাউন স্ট্রিটে পরিচর্যা প্রদান করা অব্যাহত রাখবে।

# কোনো পরিষেবা কি বন্ধ হয়ে যাবে?




আমরা কোনও পরিষেবা বন্ধ করার পরিকল্পনা করছি না।




আমরা আমাদের পরিষেবাগুলিকে উন্নতি করতে চাই এবং সেগুলিকে নিরাপদ রাখতে চাই।





এটি ভবিষ্যতে আমাদের আরও তহবিল এবং গবেষণা করতে সাহায্য করতে পারে।

# পরিকল্পনাটি কি টাকা সাশ্রয়ের জন্য?



না, এই পরিকল্পনাটি টাকা সাশ্রয়ের জন্য নয়।




যে কোনও পরিবর্তন করতে সম্ভবত আমাদের আরও টাকা লাগবে।

# প্রতিটি হাসপাতাল কি সব ধরনের সেবা প্রদান করতে পারে?




প্রতিটি হাসপাতাল থেকে সমস্ত স্বাস্থ্যসেবা প্রদান করা এনএইচএস-এর পক্ষে সম্ভব নয়।



এর কারণ হলো পর্যাপ্ত বিশেষজ্ঞ ডাক্তার এবং সহায়তা প্রদানকারী টিম না থাকা।

# জরিপের প্রশ্ন




লিভারপুলের মহিলা হাসপাতালের পরিষেবাগুলি কেন পরিবর্তন করা দরকার সে সম্পর্কে আমাদের কারণগুলি সম্পর্কে আপনি কী ভাবেন তা আমাদের বলার জন্য অনুগ্রহ করে এই জরিপটি সম্পূর্ণ করুন।



আপনার উত্তরগুলি ভবিষ্যতে এই হাসপাতালের পরিষেবাগুলি কীভাবে কাজ করবে সে বিষয়ে পরিকল্পনা করতে আমাদেরকে সাহায্য করবে।




আমরা 15ই অক্টোবর থেকে 26শে নভেম্বর 2024 তারিখ পর্যন্ত মানুষ কী ভাবছে সে সম্পর্কে জিজ্ঞাসা করব।




আপনি এখানে কাগজে অথবা আমাদের ওয়েবসাইটে জরিপটি সম্পূর্ণ করতে পারেনঃ
[www.gynaeandmaternityliverpool.nhs.uk/get-involved](www.gynaeandmaternityliverpool.nhs.uk/get-involved)



আমরা আপনার তথ্য সুরক্ষিত রাখার বিষয়ে আইন মেনে চলব।



আমরা আপনার নাম বা আপনি কে তা জানতে আপনার উত্তরগুলি ব্যবহার করব না।



আপনি না চাইলে আপনাকে সমস্ত প্রশ্নের উত্তর দিতে হবে না।